



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রাণিসম্পদ-১ অধিশাখা
www.mofl.gov.bd



প্রাণিসম্পদ অধিদপ্তরের ৯ম ও তদুর্ধ প্রেডভুন্ট কর্মকর্তাগণের বদলি/পদায়ন নীতিমালা, ২০২২

প্রাণিসম্পদ অধিদপ্তর ও এর আওতাধীন দপ্তরসমূহে বিসিএস (পশুসম্পদ) ক্যাডার এবং নন-ক্যাডার কর্মকর্তাগণের পেশাগত দক্ষতা বৃদ্ধি, অভিজ্ঞতা অর্জন এবং কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও মানসম্মত জনসেবা নিশ্চিতকরণের লক্ষ্যে কর্মকর্তাগণের বদলি/পদায়ন সংক্রান্ত যুগোপযোগী নীতিমালা প্রণয়ন অপরিহার্য। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে, কোনো কোনো কর্মকর্তা বদলির আদেশ জারি হওয়ার পরও বদলিকৃত কর্মস্থলে যোগদানে অনীহা প্রকাশ করেন অথবা যোগদানে কালক্ষেপণ করেন এবং বদলির আদেশ বাতিলের জন্য তদবিরের আশ্রয় নেন। এতে বিভিন্ন প্রকার প্রশাসনিক জটিলতা সৃষ্টিসহ সেবার মানের ঘাটতি পরিলক্ষিত হচ্ছে। ফলশুতিতে প্রাণিসম্পদ খাতের সামগ্রিক উন্নয়ন বাধাগ্রান্ত হচ্ছে। বর্ণিত প্রেক্ষাপটে প্রাণিসম্পদ অধিদপ্তর ও এর আওতাধীন দপ্তরসমূহে বিসিএস (পশুসম্পদ) ক্যাডার এবং নন-ক্যাডার কর্মকর্তাগণের বদলি/পদায়ন সংক্রান্ত বিষয়ে স্বচ্ছতা, জবাবদিহিতা আনয়ন ও অধিকতর শৃঙ্খলা প্রতিষ্ঠার লক্ষ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হলো:

০১। চাকরিতে নিয়োগ লাভের পর বিসিএস (পশুসম্পদ) ক্যাডার এবং নন-ক্যাডার কর্মকর্তাগণের ১ম পোস্টিং প্রয়োজ্য ক্ষেত্রে বাধ্যতামূলকভাবে উপজেলা/মাঠ পর্যায়ে (বিশেষ ব্যক্তিক্রম ব্যতীত) প্রদান করা হবে। চাকরি স্থায়ী হওয়া অথবা ০৩ (তিনি) বছর পূর্তির পূর্বে কোন কর্মকর্তার ঢাকায় বদলি/পদায়ন বিবেচনা করা হবে না।

০২। প্রাণিসম্পদ অধিদপ্তর ও এর আওতাধীন দপ্তরসমূহে কর্মরত কর্মকর্তাগণের কোন কর্মস্থলে ০৩ (তিনি) বছর চাকরির মেয়াদ পূর্তির অব্যবহিত পূর্বে/পরে বদলির আদেশ জারি করা হবে। তবে পদোন্নতি, অবসর কিংবা প্রশাসনিক কারণে একজন কর্মকর্তাকে উক্ত মেয়াদ পূর্তির পূর্বেও বদলি করা যেতে পারে।

০৩। কোন কর্মকর্তা যথাযথ কর্তৃপক্ষের মাধ্যম ব্যতীত সরাসরি মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/সচিব বরাবরে আবেদন করলে চাকরির শৃঙ্খলা ভঙ্গের দায়ে তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৪। প্রতিবছর নভেম্বর/ডিসেম্বর মাসে প্রাণিসম্পদ অধিদপ্তর ও এর আওতাধীন দপ্তরসমূহে কর্মরত কর্মকর্তাগণের নিয়মিত বদলির কার্যক্রম গ্রহণ করা হবে। তবে, বিশেষ প্রয়োজনে কোন কর্মকর্তা যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে উক্ত সময়ের পূর্বে বদলির আবেদন করতে পারবেন। উল্লেখ্য, মন্ত্রণালয়ে সরাসরি আবেদনের কোন অগ্রিম কপি গ্রহণ করা হবে না এবং সরাসরি আবেদন করা হলে তা শৃঙ্খলার পরিপন্থি বলে বিবেচিত হবে।

০৫। কোন কর্মকর্তা দুর্গম বা পার্বত্য অঞ্চলে ০২ (দুই) বছর কর্মরত থাকার পর তাকে সমতল জেলায়/উপজেলায় বদলি/পদায়ন করা যাবে।

M.M.

০৬। বিসিএস (পশুসম্পদ) ক্যাডারের ৫ম ও ৩য় গ্রেডভুক্ত কর্মকর্তাকে তার নিজ জেলায় এবং ৯ম ও ৬ষ্ঠ গ্রেডভুক্ত কর্মকর্তাকে তার নিজ উপজেলায় বদলি/পদায়ন করা হবে না।

০৭। কোন কর্মকর্তার নিজের অথবা স্ত্রী/স্বামী/সন্তানের সুষ্ঠু চিকিৎসার স্বার্থে নির্ধারিত মেয়াদের পূর্বে সুবিধাজনক স্থানে পদায়ন করা যেতে পারে।

০৮। স্বামী ও স্ত্রী উভয়ই চাকরিতে নিযুক্ত থাকলে তাদেরকে যথাসম্ভব একই কর্মস্থলে অথবা নিকটবর্তী কর্মস্থলে বদলি/পদায়ন করা যেতে পারে। এক্ষেত্রে ০৩ (তিনি) বৎসর কর্মকালের শর্তের প্রয়োগ শিথিল করা যেতে পারে।

০৯। কর্মকর্তাগণকে অবসরোত্তর ছুটিতে গমনের ০১ (এক) বছরের মধ্যে তাদের চাহিদা অনুযায়ী কর্মস্থলে সমপদে বদলি/পদায়ন করা যেতে পারে। তবে বিশেষ প্রশাসনিক কারণে এর ব্যতিক্রম হতে পারে।

১০। নিয়োগ/পদায়নের প্রজ্ঞাপনে বদলিকৃত কর্মস্থলে যোগদানের নির্দিষ্ট তারিখ উল্লেখ করতে হবে। যৌক্তিক কারণ ব্যতীত নির্ধারিত তারিখের মধ্যে কোন কর্মকর্তা বদলিকৃত কর্মস্থলে যোগদান না করলে অথবা নিজের পছন্দমত স্থানে ও পদে বদলির জন্য জারিকৃত বদলির আদেশ বাতিলের জন্য তদবিরের আশ্রয় গ্রহণ করলে তা ‘অসদাচরণ’ হিসেবে গণ্য হবে এবং তার বিরুদ্ধে বিভাগীয় শৃঙ্খলামূলক কার্যক্রম গ্রহণ করা হবে। বদলির আদেশে সংশ্লিষ্ট কর্মকর্তার গ্রেডেশন নম্বর/আইডি নম্বর (যদি থাকে) উল্লেখ করতে হবে।

১১। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা পদে পদায়নের জন্য ফিটলিস্ট প্রণয়ন করতে হবে এবং উক্ত তালিকা অনুযায়ী জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা পদে পদায়ন করা হবে। এরূপ প্রগতি ফিটলিস্ট সময় সময় হালনাগাদ করতে হবে।

১২। প্রাণিসম্পদ অধিদপ্তর ও এর আওতাধীন দপ্তরসমূহের কর্মরত বিসিএস (পশুসম্পদ) ক্যাডারের ৯ম গ্রেড হতে ১ম গ্রেডভুক্ত সকল কর্মকর্তার চাকরির বিবরণসহ সংশ্লিষ্ট তথ্যাদি (PDS) নিয়মিত হালনাগাদ করে প্রাণিসম্পদ অধিদপ্তরের ডাটাবেইজে সংরক্ষণ এবং মন্ত্রণালয়ের সাথে লিংক প্রতিষ্ঠা করতে হবে। এক্ষেত্রে মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর ডাটাবেইজের ‘Admin’ হিসেবে সুনির্দিষ্টভাবে একজন কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করবেন। কোন কর্মকর্তার PDS সংশোধন করার প্রয়োজন হলে সংশ্লিষ্ট কর্মকর্তার আবেদনের প্রেক্ষিতে তা সংশোধন করা হবে।

১৩। প্রাণিসম্পদ অধিদপ্তরাধীন বিসিএস (পশুসম্পদ) ক্যাডারভুক্ত কোন কর্মকর্তা কর্তৃক এ নীতিমালার কোন বিধান লংঘন শৃঙ্খলা পরিপন্থি কাজ বলে গণ্য হবে।

১৪। সরকার, জনস্বার্থে যে কোন কর্মকর্তাকে যে কোন সময় ও কর্মস্থলে বদলি/পদায়ন করতে পারবে।

১৫। এতদ্বারা, ‘প্রাণিসম্পদ অধিদপ্তরের ৯ম গ্রেড ও তদুর্ধ গ্রেডের কর্মকর্তাগণের বদলি/পদায়ন নীতিমালা, ২০১৮’ বাতিল বলে গণ্য হবে।

১৬। জনস্বার্থে জারিকৃত এ নীতিমালা অবিলম্বে কার্যকর হবে।

১২/১১/২০১৮

(ড. নাহিদ রশীদ)

সচিব